
সত্যজিৎ রায়ের
হীরক রাজার দেশে
ইস্টম্যানকালার



## গল্প




দশটা বছর কেটে গেল। শুণ্ডী ও হাল্লার দুই যমজ রাজার দুই রাজকন্যাকে বিয়ে করে গুপী ও বাঘার এই একঘেঁয়েমি অলস জীবনযাপন আর ভালো লাগেনা। এমন সময় তারা গীত-বাদ্যের জন্য নিমন্ত্রিত হয় হীরকরাজ্যের বর্ষপূর্তি উৎসবে। গুপী-বাঘা মহা খুশি। তবে উৎসবের এখনও একমাস দেরী শুনে তারা আগে দেশ ভ্রমণে বেরিয়ে পড়ে। সঙ্গে আছে ভূতের রাজার দেওয়া তিন বর—যার সাহায্যে তারা যা খেতে চাইবে বা যে পোষাক প'রতে চাইবে সঙ্গে সঙ্গে তা পেয়ে যাবে; তাদের গান ও বাজনা শুনে সবাই সম্মোহিত হবে; আর আছে জাদু-জুতো, যা তাদের যে কোন জায়গায় নিমেষের মধ্যে নিয়ে যেতে পারবে।

ভয়ানক অত্যাচারী এক রাজার অধীনে হীরক একটি পুলিস্‌শাসিত রাষ্ট্র। হীরার খনি আছে, তাই নাম হীরক। সে খনির সব হীরা রাজকোষে যায়। সেই রাজসভার এক খামখেয়ালী বৈজ্ঞানিক একটি মগজধোলাই-এর কল আবিষ্কার করেছে—যার ফলে যারা রাজার বাধ সাধবে তাদের মগজে নানারকমের মন্ত্র ঢুকিয়ে তাদের বশ করা যায়।

আদর্শবাদী উদয়ন হীরকের একটিমাত্র পাঠশালার শিক্ষক। রাজার আদেশে সেটি বন্ধ করে দেওয়া হয়। শিক্ষায় বুদ্ধি বাড়ে, ভালো মন্দ বিচারের ক্ষমতা হয়, সেটা রাজা চায়না। মগজধোলাই-এর আশঙ্কা করে উদয়ন পালিয়ে গিয়ে গা ঢাকা দেয়। তার মাথায় এখন শুধু হীরকরাজকে জব্দ করার চিন্তা।

দেশ ভ্রমণে বেরিয়ে এক গুহায় আকস্মিকভাবে গুপী-বাঘার সঙ্গে উদয়নের দেখা হয়। গুপী-বাঘা নিমন্ত্রিত জেনে বিদ্রোহী উদয়ন তাদের হীরকের আসল রূপের কথা জানায়। তাদের জাদুর বাহার দেখে উদয়ন অনায়াসেই গুপী-বাঘাকে তার দলে টেনে আনে। অগত্যা তিনজনে হাত মেলায়।

উদয়নের বিদ্রোহের পরিকল্পনা প্রায় ভেস্তে যায় যখন সে পেয়াদাদের হাতে ধরা পড়ে, কিন্তু গুপী-বাঘার জাদুর গান-বাজনার ফলে সে মুক্তি পায়। অবশেষে চাষা, খনির মজুর, গুপী-বাঘা, উদয়ন এবং তার ছাত্ররা সমেত হীরকরাজকে গদীচ্যুত করতে সক্ষম হয়।



Government of West Bengal
presents

# HIROK RAJAR DESHE

( THE KINGDOM OF DIAMONDS )

Story/Screenplay/Costumes/Music/Direction

**SATYAJIT RAY**

Granted 3 wishes by a benign King of the Goblins, Goopy and Bagha can get food and clothes for the asking, hold people spellbound with their singing and drumming, and travel to any place in the twinkling of an eye by wearing magic slippers.

Married to the two daughters of the King of Shundi, Goopy and Bagha have been leading an uneventful life when they receive an invitation from the King of Hirok who is celebrating his accession to the throne.

Named after the diamond mine that is its main source of wealth, Hirok is a police state ruled by a tyrant King. A crazy inventor has just built a brain-washing machine which turns dissenters into loyal subjects by having rhymed couplets fed into their brains.

The King has also decided to close down the only school in Hirok run by an idealist teacher named Udayan. Learning helps one to distinguish between right and wrong, and this the King doesn't approve of. Sensing that he may be captured and brainwashed too, Udayan goes into hiding and plots to dethrone the King.

Singing their way around the country, Goopy and Bagha chance upon Udayan in a mountain cave. Udayan learns that Goopy and Bagha have been invited to Hirok, and tells them the real story about Hirok and its ruler. The three decide to team up and bring about the downfall of the tyrant.

The planned uprising nearly fails when Udayan is captured by the police, but Goopy and Bagha, aided by their magical music-making, finally succeed in freeing Udayan and thwarting the King. Victory is achieved by the three, aided by the peasants, the mine workers and Udayan's young pupils.

## ১

মোরা দুজনায় রাজার জামাই !
মোরা খাই-দাই ঘুরিফিরি
আহা কি মোদের ছিরি
মোরা দিনে করি বাবুগিরি
রাতে আয়েশে ঘুমাই—
মোরা দুজনায় রাজার জামাই !

মোদের ঘরে আছে দুই রাজকন্যা
রূপে গুণে জেন সাধারণ না—
আর আছে পোলাপান
একখান, একখান,
কচি তারা, কথা ফোটে নাই ।

রাজা যিনি শুণ্ডীর রাজ্যে
তিনি সদাই মগন রাজকার্যে,
এই রাজা বড় সোজা,
সুখে আছে যত প্রজা—
এ রাজার মত রাজা নাই ।
শ্বশুর মশাই—
মোরা ত্যানার জামাই ।
মোরা দুজনায় রাজার জামাই !

এইবারে শোন—
মোদের কেমনে হয়েছে এই হাল—
মোদের না ছিল চুলা না ছিল চাল—
শেষে দিলেন ভূতের রাজা
তিন বর তাজা তাজা
সেই বরে ফিরেছে কপাল ।
সেই বরে এত রোশনাই—
সেই বরেতেই
মোরা দুজনায় রাজার জামাই !

## ২

না, না—
আর বিলম্ব নয় !
এখনো মোদের শরীরে রক্ত
রয়েছে গরম মেটেনি শখ তো,
আছে যত হাড় সবই তো শক্ত—
এখনো ধকল সয় !
এখনো আছে সময়—
আর বিলম্ব না, না,
আর বিলম্ব নয় !

দুনিয়ায় কত আছে দেখবার
কত কি জানার, কত কি শেখার
ঘরে কেন বসে রয়েছি বেকার,
আর কি সহ্য হয় ?
এখনো আছে সময়—
আর বিলম্ব না, না,
আর বিলম্ব নয় !

চল যাই ঘুরে আসি প্রানভরে
বনেতে পাহাড়ে মরুপ্রান্তরে !

## ৩

কতই রঙ্গ দেখি দুনিয়ায়, ও ভাইরে !
আমি যেইদিকেতে চাই
দেখে অবাক বনে যাই
আমি অর্থ কোন খুঁজে নাহি পাইরে—
ভাইরে, ভাইরে—
আমি কতই রঙ্গ দেখি দুনিয়ায় ।

দেখ ভালো জনে রইল ভাঙ্গা ঘরে,
মন্দ যে সে সিংহাসনে চড়ে—
ও ভাই সোনার ফসল ফলায় যে তার
দুই বেলা জোটেনা আহার,
হীরার খনির মজুর হয়ে
কানাকড়ি নাই—
ওরে ভাইরে
কতই রঙ্গ দেখি দুনিয়ায় !

## ৪

আহা, কী আনন্দ আকাশে বাতাসে !
শাখে শাখে পাখি ডাকে
কত শোভা চারি পাশে ।
আজকে মোদের বড়ই সুখের দিন—
আজ ঘরের বাঁধন ছেড়ে মোরা
হয়েছি স্বাধীন ।
আজ আবার মোরা ভবঘুরে,
মুলুক ছেড়ে যাব দূরে,
ভরব ভুবন গানের সুরে—
পুরান দিনের কথা আসে
মনে আসে
ফিরে আসে—
আহা, কী আনন্দ আকাশে বাতাসে !

## ৫

আহা, সাগরে দেখ চেয়ে !
দেখ ঢেউয়ের পরেতে ঢেউ
আসে ধেয়ে—
দেখ চেয়ে !
দেখ আকাশে জলেতে মিশে
হল একাকার
কী বাহার, কী বাহার
আহা, সাগরে দেখ চেয়ে !

## ৬

এ যে দৃশ্য দেখি অন্য
এ যে বন্য, এ অরণ্য
হেথা দিনেতে অন্ধকার—
হেথা নিঃঝুম চারিধার—
হেথা ঊর্ধে উঁচায়ে মাথা দিল ঘুম
যত আদিম মহাদ্রুম !

## ৭

এবারে দেখ গর্বিত বীর
চির তুষারমণ্ডিত শির
অতি ধীর, গুরুগম্ভীর !
কত যোগী, কত ঋষি,
কত সাধক পূজিত শাশ্বত
অদ্রি প্রবীর !
বিশ্বজনের বিস্ময়—
দুর্লঙ্ঘ্য, দুর্জয়—
হিমালয়, হিমালয় !



## ৮

নহি যন্ত্র, নহি যন্ত্র—আমি প্রাণী !
আমি জানি, আমি জানি
হীরক রাজার শয়তানী !
রাজা দুষ্ট, রাজা মন্দ,
রাজা ধূর্ত, রাজা ভণ্ড,
রাজা নীচ, রাজা ক্রুর, রাজা খল !
(রাজা) অনাচারের সীমা ছেড়ে
অভাগারে ভাতে মেরে
আনে দেশে ঘোর অমঙ্গল !

রাজা রাখল তাদের চেপে
যারা উঠলে পরে ক্ষেপে
রাজার আসনখানা করবে টলোমল !
রাজা ঠিক কিনা,
ঠিক কিনা তুই বল !
রাজার শক্ত হাতে শিক্ষা পেলে
শান্তি হবে ঠিক—
রাজা ধিক্, ধিক্, ধিক্ !

এইবারে রাজা শোন—
জেন নিস্তার নেই কোন,
এসেছে তোমার যম
তুমি রাজা অক্ষম
মরণের দিন তুমি গোন ।
রাজা ধিক্, ধিক্, ধিক্, রাজা ধিক্ !

## ৯

এসে হীরক দেশে
দেখে হীরের চমক
এত খাতির পেয়ে
দেখে রাজার জমক—
মোদের মন ভরে গেছে খুশিতে
মোরা সেই কথা জানাই ।
রাজা এতই রসিক
রাজা এতই দরাজ
রাজা এতই মিশুক
এত চিকণ মেজাজ—
মোদের প্রাণ ভরে গেছে তাই
মোরা সেই কথা জানাই ।

বল হীরকরাজার জয় !
বল এমন রাজা কজন রাজা হয় !
কত দেশে দেশে ঘুরে শেষে
মন বলে হীরকে এসে
এমন রাজা কোনো দেশে নাই—
মোরা সেই কথা জানাই,
মোদের গানে—
গানে সেই কথা জানাই !

## ১০

ধোরনাকো ধোরনাকো
ধোরনাকো ধোরনাকো
ধোরনাকো শাস্ত্রীমশাই—
হাত কেন বাড়াও ভাই ?
ধোরনা, ধোরনা !
বলি নোড়নাকো নোড়নাকো
নোড়নাকো নোড়নাকো
ওইখানে দাঁড়াও ভাই—
আর বেশি সময় নাই !
তুমি এইদিকে চেয়ে থেক না—
দেখনা, দেখনা—
এখন মোরা নই রাজার জামাই
মোরা করব এখন ডাকাতি
রাতারাতি ।
দেখে দুঃখ কেন পাও কওত ?
তুমি ওইদিকে ঘুরে রওত—
আহা ঘোরনাকো ঘোরনাকো
ঘোরনাকো ঘোরনাকো
ওইদিকে ঘোর ভাই—
শাস্ত্রীমশাই, শাস্ত্রীমশাই !

## ১১

পায়ে পড়ি, বাঘমামা,
কোরনাকো রাগ মামা—
তুমি যে এ ঘরে কে তা জানত ?
এ যে বিনা মেঘে পড়ে বাজ
কেঁচে বুঝি গেল কাজ
দয়া ক.র থাক হয়ে শান্ত !

যদি ঘাড়ে এসে পড়ে থাবা
কি হবে তা জানি বাবা
হারা যাবে তাজা দুটি প্রাণত !

বাঘাদা !
বলি হীরা নিলে কত শুনি—
বাঘা ঃ সময় কি আছে যে গুনি ?
গুপী ঃ তবু কত গুনি—
বাঘা ঃ নিয়েছি যথেষ্ট ।
গুপী ঃ তবে আর নিয়ে কাম নাই
এবারে চল পালাই—
বড় কষ্টে
পাওয়া গেছে কেষ্ট !
যথেষ্ট, যথেষ্ট !

## ১২

মোরা গুপী বাঘা দুজন ভায়রা ভাই
মোদের আর কোন কাজ নাই
মোরা ভূতের রাজার বরের জোরে
পরের ভূত ছাড়াই !
(শোন) কারেও যদি ভূতে ধরে
মোদের যেন খবর করে—
শুণ্ডী দেশের রাজপ্রাসাদে
মোদের ঠিকানায়—
মোরা আসব দুজনায়
ফিরে আসব দুজনায়—
আবার আসব দুজনায় !



তথ্য ও সংস্কৃতি বিভাগ
পশ্চিমবঙ্গ সরকার
প্রযোজিত

# হীরক রাজার দেশে

কাহিনী চিত্রনাট্য সাজসজ্জা সংগীত ও পরিচালনা
সত্যজিৎ রায়

ক্যামেরা
**সৌমেন্দু রায়**

শিল্প নির্দেশক
**অশোক বোস**

সম্পাদক
**দুলাল দত্ত**

শব্দগ্রহণ
**রবীন সেনগুপ্ত**

অতিরিক্ত শব্দগ্রহণ
**দুর্গাদাস মিত্র**

মেক আপ
**অনন্ত দাশ**

প্রধান কর্মসচিব
**অনিল চৌধুরী**

তত্ত্বাবধান
**রণজিৎ সেনগুপ্ত**

ব্যবস্থাপনা
**ভানু ঘোষ**

মূর্তি নির্মাণ
**জিতেন পাল**

আতসবাজী ও ফানুশ
**ইণ্ডিয়ান ফায়ারওয়ার্কস ম্যানুফ্যাকচারিং কোং**

স্থিরচিত্র
**নিমাই ঘোষ**
**সন্দীপ রায়**

গুপীর গান
**অনুপ ঘোষাল**

চরণদাসের গান
**অমর পাল**

গান ও আবহসংগীত রেকর্ডিং
**সুশান্ত ব্যানার্জি**
**সমীর মজুমদার**

রিরেকর্ডিং
**মঙ্গেশ দেশাই**

অন্তর্দৃশ্যগ্রহণ
**ইন্দ্রপুরী স্টুডিও**
**প্রসাদ স্টুডিও**

ইস্টম্যানকালার
**প্রসাদ ফিল্ম ল্যাবরেটরিজ**

অন্যান্য প্রোসেসিং
**ইণ্ডিয়া ফিল্ম ও ইউনাইটেড সিনে ল্যাবরেটরিজ**

**সহকারীবৃন্দ**

পরিচালক
**রমেশ সেন**
**শান্তি চ্যাটার্জি**
**সুব্রত লাহিড়ী**
**সন্দীপ রায়**

সংগীত
**অলোক দে**

ক্যামেরা
**পূর্ণেন্দু বোস**
**অনিল ঘোষ**
**দিলীপ ব্যানার্জি**
**বরুণ রাহা**

শিল্প নির্দেশক
**ভোলা পালিত**
**শতদল মিত্র**

সম্পাদক
**কাশীনাথ বোস**

শব্দগ্রহণ
**প্রতাপ চন্দ্র**

মেক আপ
**বিশু দাশ**
**তপন দাশ**

সাজসজ্জা
**হারু দাশ**
**বাবলু দাশ**
**তারক দাশ**

ব্যবস্থাপনা
**বলাই আঢ্য**
**ত্রৈলোক্য দাশ**

ছায়াবাণী পরিবেশনা

## ভূমিকায়



সৌমিত্র চ্যাটার্জি উৎপল দত্ত রবি ঘোষ তপেন চ্যাটার্জি



সন্তোষ দত্ত হরিধন মুখার্জি রবীন মজুমদার অজয় ব্যানার্জি বিমল দেব তরুন মিত্র গোপাল দে



শৈলেন গাঙ্গুলী সমীর মুখার্জি কাতিক চ্যাটার্জি সুনীল সরকার ননী গাঙ্গুলী সমরেশ ব্যানার্জি প্রমোদ গাঙ্গুলী আলপনা গুপ্তা

## অন্যান্য ভূমিকায়

কামু মুখার্জি। বিমল চ্যাটার্জি। গোবিন্দ চক্রবর্তী। রাজকুমার লাহিড়ী। ডায়া মুখার্জি। রতন ব্যানার্জি। শচীন চ্যাটার্জি। বিমল ব্যানার্জি। রাজীব গাঙ্গুলী। বিক্রমজিৎ দাশ। রাহুল রায়। অনিন্দ্য গাঙ্গুলী। শৌমিক নন্দী মজুমদার। অভিজিৎ চ্যাটার্জি। কৌশিক চ্যাটার্জি। অনিন্দ্য বসু। সমুদ্র দাশগুপ্ত। কৌশিক ঘোষ। মানস মুখার্জি। কুমারদেব দত্ত। রুদ্রনারায়ণ সাহা। সুবল দত্ত। সোমনাথ মুখার্জি। শঙ্কর ঘোষ। অনুপ মুখার্জি। কৃষ্ণপদ সাহা। অশোককুমার দে। অরূপ মুখার্জি। রবীন কুমার দাশ ও আরো অনেকে।

ছায়াবাণী প্রাইভেট লিমিটেড কর্তৃক প্রকাশিত এবং আনন্দ অফসেট প্রাঃ লিঃ কর্তৃক মুদ্রিত
সম্পাদনা ও অঙ্গসজ্জা : সন্দীপ রায়